# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

"বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে"

স্থাপিত - ১৯৮৪

BOESL

বিজ্ঞপ্তি নং-৪৯.০২.০০০০.০০০.০৫.০৩৬.২৪-২১৫৯ তারিখ: ১০.০৯.২০২৫

## বোয়েসেল-এর মাধ্যমে সরকারিভাবে ব্রুনাই-এ পুরুষ কর্মী নিয়োগ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত কোম্পানিতে বর্ণিত পদে দক্ষ পুরুষ কর্মী নিয়োগের লক্ষ্যে অনলাইনে আবেদন গ্রহণ করা হবে:

| ক্র. নং | কোম্পানির নাম | পদের নাম | সংখ্যা | বেতন/মজুরি | বয়স ও শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|
| ১. | KONTRAKTOR ISKANWATI (BHC-499/25) | General Labourer (জেনারেল লেবারার) | ১৫ | প্রতিদিন ২০ BND (১৬০০/- টাকা) | বয়স ২০-৫০ বছরের মধ্যে হতে হবে। | বর্ণিত পদের প্রার্থীদের সংশ্লিষ্ট কাজে ১-২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বাংলা ও মালয় ভাষা জানতে হবে। |
| | | Tile Fixer (টাইল ফিক্সার) | ১০ | | | |
| ২. | SABIKUN SDN BHD (BHC-518/25) | Pemotong Rumput (পেমোতোং রুমপুত) | ০৫ | | | |
| ৩. | EVA-IFA ALEYA CONTRACTOR (BHC-532/25) | Pembersih (পেম্বেরসিহ) | ০৮ | প্রতি মাসে ৬০০ BND (৪৮,০০০/- টাকা) | বয়স ২০-৪৫ বছরের মধ্যে হতে হবে। | বর্ণিত পদের প্রার্থীদের সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বাংলা ও ইংরেজী ভাষা জানতে হবে। |
| ৪. | YIH CONTRACTOR SDN. BHD (BHC-517/25) | Lorry Driver (লরি ড্রাইভার) | ০১ | প্রতি মাসে ৬৫০ BND (৫২,০০০/- টাকা) | বয়স ৩০-৫০ বছরের মধ্যে হতে হবে। | বর্ণিত পদের প্রার্থীদের সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকতে হবে। প্রাথমিক পাস হতে হবে এবং বাংলা, ইংরেজী ও মালয় ভাষা জানতে হবে। |
| | | Labourer (লেবারার) | ০৪ | প্রতি মাসে ৬০০ BND (৪৮,০০০/- টাকা) | বয়স ২৫-৫০ বছরের মধ্যে হতে হবে। | |

### নির্ধারিত অনলাইন আবেদন লিংক: brms.boesl.gov.bd

চাকরির শর্তাবলী:

- শ্রম চুক্তি: ক্রমিক নং-১, ২ ও ৩ এর ক্ষেত্রে ০২ (দুই) বছর ও নবায়নযোগ্য এবং ক্রমিক নং-৪ এর ক্ষেত্রে ০২ (দুই) বছর;
- কর্মঘন্টা: দৈনিক ৮ ঘন্টা ডিউটি;
- আবাসন: কোম্পানি বহন করবে;
- খাওয়া: কর্মীকে বহন করতে হবে;
- বিমান ভাড়া: নিয়োগকর্তা বহন করবে;
- মেডিকেল, বিমা, ছুটি ও অন্যান্য সুযোগ সুবিধাদি ব্রুনাই-এর শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

অন্যান্য শর্তাবলী:

- আগ্রহী প্রার্থীদের পাসপোর্ট নম্বর, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য তথ্যাদি বোয়েসেল-এর নির্ধারিত অনলাইন আবেদন লিংকে আগামী **১৯.০৯.২০২৫** তারিখ এর মধ্যে দাখিল করার জন্য অনুরোধ করা হলো;
- অনলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ বিকাশ ০১৭৬৫৪১১৬৫৩ নম্বরে ১০০ টাকা পরিশোধ করে ট্রানজেকশন আইডি প্রদানের মাধ্যমে আবেদন করতে হবে;
- অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। প্রাপ্ত আবেদন যাচাই বাছাই করে প্রাথমিকভাবে চাকরির সাক্ষাৎকারের জন্য তালিকা প্রস্তুত করে নিয়োগকর্তা কর্তৃক প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে চূড়ান্তভাবে নির্বাচন করা হবে;
- সাক্ষাৎকারের সময় প্রার্থীর মূল পাসপোর্ট, ইংরেজী জীবন বৃত্তান্ত ও অভিজ্ঞতার সনদসহ অন্যান্য প্রমাণাদি সঙ্গে আনতে হবে;
- **অনলাইনে আবেদন, চাকরির সাক্ষাৎকার এবং চূড়ান্ত নির্বাচন কোন প্রার্থীর চাকরির নিশ্চয়তা বহন করে না এবং বোয়েসেল কর্তৃপক্ষ উক্ত নির্বাচন প্রক্রিয়া সম্পর্কিত যে কোন সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে;**
- যুদ্ধ বিগ্রহ, প্রাকৃতিক বিপর্যয় ও মহামারীর কারণে মধ্যপ্রাচ্য, সিরিয়াসহ বিভিন্ন দেশ হতে বাধ্যতামূলকভাবে ফেরত আসা কর্মীগণ পুনরায় বিদেশ গমণে আগ্রহী হলে সংশ্লিষ্ট ট্রেডে দক্ষতা ও অভিজ্ঞতা থাকা সাপেক্ষে নিয়োগকর্তা কর্তৃক অগ্রাধিকার পাবে।

**বোয়েসেল-এর নির্ধারিত সার্ভিস চার্জ:** নিয়োগকর্তা কর্তৃক নির্বাচিত প্রার্থীদের বোয়েসেল-এর সার্ভিস চার্জ এবং ভ্যাট, এআইটি, বীমা, ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার ফি, রেজিস্ট্রেশন ফি ইত্যাদি আনুষাঙ্গিক ব্যয়সহ মোট ৪৪,৮৫০/- (চুয়াল্লিশ হাজার আটশত পঞ্চাশ) টাকার পে-অর্ডার করতে হবে। চূড়ান্ত নির্বাচিতদের "বোয়েসেল, ঢাকা" নামে সোনালী ব্যাংক, মগবাজার শাখায় পে-অর্ডার করে বোয়েসেল অফিসে মূল কপি জমা করতে হবে। দূতাবাস কর্তৃক নির্ধারিত ভিসা ফি ও বাংলাদেশের মেডিকেল টেস্টের ফি কর্মীকে বহন করতে হবে। **নির্ধারিত সার্ভিস চার্জের বাহিরে কোন ব্যাক্তি বা প্রতিষ্ঠান কোন অর্থ দাবি করলে নিশ্চিত প্রতারক হিসেবে বিবেচিত হবে। নগদ লেনদেন থেকে বিরত থাকুন। প্রতারণা থেকে সাবধান।**

**জরুরি প্রয়োজনে যোগাযোগ: ০২-৪৮৩১৯১২৫, ০২-৪৮৩১৭৫১৫, ০২-৫৮৩১১৮৩৮।**

**বোয়েসেল কোন নগদ অর্থ গ্রহণ করে না বিধায় কাউকে কোন অর্থ প্রদান করবেন না।**
**বিদেশে কর্মী নিয়োগ প্রক্রিয়ায় বোয়েসেলের কোন এজেন্ট/সাব এজেন্ট/প্রতিনিধি বা শাখা অফিস নেই।**

১০.০৯.২০২৫

বোয়েসেল কর্তৃপক্ষ


অফিস ঠিকানা :
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ISO 9001: 2015

যোগাযোগ নম্বর :
ফোন : +৮৮-০২-৫৮৩১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৩০৬৫২, +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭
ই-মেইল : info@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd